# উপজেলা পরিষদ কার্যালয়
## পলাশ, নরসিংদী।

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

## পলাশ উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ সৈয়দ জাবেদ হোসেন।
চেয়ারম্যান , পলাশ উপজেলা পরিষদ, নরসিংদী।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, পলাশ, নরসিংদী।

সভার তারিখ ও সময় ঃ ১৫-০২-২০২২ খ্রিঃ, সকাল ১১.৩০ ঘটিকা।

উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সদস্যদের তালিকা ঃ

| উপস্থিত সদস্যগণের তালিকা | | | |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার, পলাশ, নরসিংদী। | ১১. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ২. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী। | ১২. | উপজেলা প্রকৌশলী, পলাশ, নরসিংদী। |
| ৩. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী। | ১৩. | উপজেলা শিক্ষা কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ৪. | চেয়ারম্যান, চরসিন্দুর ইউনিয়ন পরিষদ। | ১৪. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ৫. | চেয়ারম্যান, গজারিয়া ইউনিয়ন পরিষদ। | ১৫. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,পলাশ, নরসিংদী। |
| ৬. | চেয়ারম্যান, ডাংগা ইউনিয়ন পরিষদ। | ১৬. | উপজেলা সমবায় কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ৭. | উপজেলা কৃষি কর্মকর্তা, পলাশ, নরসিংদী। | ১৭. | উপজেলা বন কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ৮. | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, পলাশ, নরসিংদী। | ১৮. | উপজেলা সহকারী প্রোগ্রামার, পলাশ, নরসিংদী। |
| ৯. | উপজেলা মৎস্য কর্মকর্তা, পলাশ, নরসিংদী। | ১৯. | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, পলাশ, নরসিংদী। |
| ১০. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পলাশ, নরসিংদী। | ২০. | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে, উপজেলা নির্বাহী অফিসার, পলাশ, সভা পরিচালনা করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নে বর্ণিত বিষয় সমূহের উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২। বিভাগীয় আলোচনা। | উপজেলা শিক্ষা অফিসার ঃ সভায় উপজেলা শিক্ষা অফিসার জানান যে, ডাংগা ইউনিয়নে রোডস্ এন্ড হাইওয়ে কর্তৃক চার লেনের যে রাস্তা তৈরি করা হবে তার নকশা অনুযায়ী চার লেনের রাস্তাটি সান্তানপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ও ইসলামপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উপর দিয়ে যাবে বলে জানা যায়। এতে করে বিদ্যালয় দুটির ভবন, মাঠসহ রাস্তা নির্মাণের কাজে ভাঙা পড়বে। রাস্তা নির্মাণের কাজে বিদ্যালয় দুটি ভেঙে ফেলা হলে নিকটবর্তী আর কোন সরকারি প্রাথমিক বিদ্যালয় না থাকায় অধ্যায়নরত ছাত্র-ছাত্রীদের অন্য বিদ্যালয়ে স্থানান্তর করাও সম্ভব হবেনা। এতে শিক্ষার্থী ঝরে পড়ার সম্ভাবনা রয়েছে বলে তিনি সভায় জানান। তিনি অদ্যকার সভায় উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে জেলা প্রশাসক, নরসিংদী মহোদয়কে বিষয়টি অবগত করানো ও বিকল্প কোন ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে জেলা প্রশাসক, নরসিংদী মহোদয়ের নিকট বিষয়টি অবগত করানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, পলাশ, নরসিংদী। |
| | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, করোনা সংক্রমন বেড়ে যাওয়ার কারণে সরকারি সিদ্ধান্ত মোতাবেক গত ০৬-ফেব্রুয়ারি/২০২২ পর্যন্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ছিল। প্রিন্টিং জটিলতার কারণে চাহিদা মোতাবেক মাধ্যমিক পর্যায়ের সব বই একসাথে পাওয়া না যাওয়ায় ধাপে ধাপে বই পাওয়া মাত্রই চাহিদা মোতাবেক বিভিন্ন স্কুলের কর্তৃপক্ষের কাছে সেগুলো দিয়ে দেওয়া হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পলাশ, নরসিংদী। |
| | উপজেলা প্রাণিসম্পদ অফিসার ঃ উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান, আগামীকাল প্রাণিসম্পদ বিভাগের ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় একটি প্রাণিসম্পদ প্রদর্শনী উপজেলা পরিষদ কেন্দ্রিয় শহীদ মিনার মাঠে আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকার জন্য সদয় সম্মতি জ্ঞাপন করেছেন মাননীয় সংসদ সদস্য, নরসিংদী-২ মহোদয়। উক্ত প্রদর্শনী অনুষ্ঠানে তিনি সকলকে উপস্থিত থাকার জন্য আমন্ত্রন জানান। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে বলে তিনি সভায় জানান। | বিভাগীয় স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, পলাশ, নরসিংদী। |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা সহকারী প্রোগ্রামার ঃ সভায় উপজেলা সহকারী প্রোগ্রামার জানান যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন ২য় পর্যায় প্রকল্পের আওতায় পলাশ উপজেলায় মাধ্যমিক পর্যায়ে আরও ১২টি স্কুল নির্বাচিত হয়েছে। পূর্বে ছিল ৫টি। সেগুলো চলমান রয়েছে। নতুনভাবে নির্বাচিত ১২টি স্কুলে ল্যাব রেনোভেশন ও ইন্টেরিয়র ডিজাইন কার্যক্রম চলমান রয়েছে বলে তিনি সভায় জানান। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | দাপ্তরিক স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | উপজেলা সহকারী প্রোগ্রামার, পলাশ, নরসিংদী। |

এছাড়া সভায় উপস্থিত অন্যান্য বিভাগীয় কর্মকর্তাগণ তাঁদের নিজ-নিজ বিভাগের কার্যক্রম এর বিষয়ে জানান যে তাঁদের বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। সভায় সভাপতি সকলকেই স্বাস্থ্যবিধি মেনে চলার এবং প্রতিটি মাসিক সভায় যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধ রেখে উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভাপতি তার বক্তব্য শেষ করেন। পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

সৈয়দ জাবেদ হোসেন
চেয়ারম্যান
পলাশ উপজেলা পরিষদ
নরসিংদী।

স্মারক নং-প- ০৫.৩০.৬৮৬৩.০০৮.০১.০০১.২২-১১০/১ তারিখ ঃ ১৫-০২-২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১। মাননীয় সংসদ সদস্য, নরসিংদী-২ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ঢাকা।
৪। জেলা প্রশাসক, নরসিংদী।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নরসিংদী।

ফারহানা আফসানা চৌধুরী, পিএএ
উপজেলা নির্বাহী অফিসার
পলাশ, নরসিংদী।

স্মারক নং-প- ০৫.৩০.৬৮৬৩.০০৮.০১.০০১.২২- ১১০/১ তারিখ ঃ ১৫-০২-২০২২ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী।
২। মেয়র, ঘোড়াশাল পৌরসভা, পলাশ, নরসিংদী।
৩। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী।
৪। উপজেলা ............................................. (সকল) কর্মকতা, পলাশ, নরসিংদী।
৫। চেয়ারম্যান ...................................... (সকল) ইউনিয়ন পরিষদ, পলাশ, নরসিংদী।
৬। জনাব ...................................................................... পলাশ, নরসিংদী।

ফারহানা আফসানা চৌধুরী, পিএএ
উপজেলা নির্বাহী অফিসার
পলাশ, নরসিংদী।